



মুজিববর্ষের প্রতিশ্রুতি  
আর্থিক খাতের অগ্রগতি

তারিখ : ০৬-০৬-২০২১ খ্রিঃ

প্রকা/ক্রেবি/ক্রমা-১৯৯(অংশ-২)/২০২০-২০২১/ ১৩ ৫৪ (১২৫০)

- ০১। মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ  
০২। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক  
বাংলাদেশ কৃষি ব্যাংক  
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়  
ঢাকা/গাজীপুর/নারায়নগঞ্জ/ মানিকগঞ্জ/ টাঙ্গাইল(দঃ)/ টাঙ্গাইল(উঃ)/কিশোরগঞ্জ/শেরপুর/ জামালপুর/কুমিল্লা/লাকসাম/চাঁদপুর/  
নোয়াখালী/ ফেনী/লক্ষীপুর/ চট্টগ্রাম (পূর্ব)/চট্টগ্রাম (পশ্চিম)/পটিয়া/কক্সবাজার/ মাদারীপুর/গোপালগঞ্জ/ বরিশাল/ ঝালকাঠি/  
পিরোজপুর/ভোলা/ পটুয়াখালী /বরগুনা /বাগেরহাট/ ঝিনাইদহ/ মাগুরা/নড়াইল/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা ও মৌলভী বাজার অঞ্চল।  
০৩। শাখা ব্যবস্থাপক (সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।

বিষয় : স্বনির্ভর ঋণ খাতে বিতরণকৃত খেলাপী ঋণসমূহ আদায়করণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ক্রেডিট বিভাগের পত্র নং প্রকা/ক্রেবি/ক্রমা-১৯৯(অংশ-২)/২০২০-২০২১/২৫৪৪(১২০০) তারিখ ১১-০৫-২০২১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। স্বনির্ভর ঋণ কর্মসূচির আওতায় মাঠ পর্যায়ে শ্রেণীকৃত ও শ্রেণীযোগ্য ঋণসমূহ আদায় না হওয়ায় বিতরণকৃত অনাদায়ী ঋণ ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। ঝুঁকি ব্যবস্থাপনার কমিটিতে আলোচনার প্রেক্ষিতে স্বনির্ভর ঋণ কর্মসূচির আওতায় বিতরণকৃত ঋণ আদায়ের পর বিকেবি'র নিজস্ব কর্মসূচির আওতায় এনে বিশেষ করে শস্য ঋণ/বাংলাদেশ ব্যাংকের আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০(দশ) টাকার হিসাবধারীদের পুনঃ অর্থায়ন স্কীমের আওতায় প্রচলিত বিধি বিধান অনুসরণ পূর্বক ঋণ প্রদান করার জন্য মাঠ পর্যায়ে একাধিক পত্র প্রেরণ করা হয়েছে।

০৩ স্বনির্ভর খাতে খেলাপী ঋণ হ্রাস করার জন্য বিতরিত ঋণ আদায় সাপেক্ষে খাত পরিবর্তন করে প্রয়োজ্য ক্ষেত্রে বিদ্যমান নীতিমালা অনুসরণ করে কৃষি ঋণ/১০ টাকার হিসাবধারীদেরকে ক্ষুদ্র ব্যবসার জন্য ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং যে সকল ঋণ গ্রহীতাদের ঋণ পরিশোধের সক্ষমতা কম এবং ঋণ আদায়ের সকল কলাকৌশল প্রয়োগ করেও ঋণ আদায় সম্ভব হচ্ছে না সেসব ক্ষেত্রে ব্যাংকের ঋণ আদায় বিভাগের বিদ্যমান সুদ মওকুফ নীতিমালা পরিপত্র নং ০২/২০১৮ তারিখ ০৬-০৮-২০১৮ এর আলোকে প্রয়োজ্য ক্ষেত্রে সুদ মওকুফ করে ঋণ আদায়ের পদক্ষেপ গ্রহণ করতে হবে মর্মেও ইতিপূর্বে নির্দেশনা প্রদান করা হয়েছে।


০৪। স্বনির্ভর ঋণ কর্মসূচির আওতায় বিতরণকৃত ঋণের অধিকাংশ ঋণ খেলাপী হয়ে পড়ায় সর্বশেষ BKB Risk Management Unit এর এপ্রিল/২০২১ ইং মাসের সভায় স্বনির্ভর ঋণ খাতে বিদ্যমান সকল ঋণের হালনাগাদ তালিকা প্রস্তুতকরত সম্পূর্ণ/আংশিক আদায় করার নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রয়োজনে অনুমোদন সাপেক্ষে সুদ মওকুফ/আয় খাত ডেবিট করে দ্রুত সময়ের মধ্যে আদায়ের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।

০৫। এমতাবস্থায়, স্বনির্ভর কর্মসূচির আওতায় বিতরণকৃত ঋণের হালনাগাদ সঠিক ও নির্ভুল প্রতিবেদন সংগ্রহ ও সংকলন পূর্বক সংযুক্ত ছকে শাখাসমূহ ১০-০৬-২০২১ তারিখের মধ্যে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে এবং মুখ্য/আঞ্চলিক কার্যালয়সমূহ ১১-০৬-২০২১ তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে। বিভাগীয় কার্যালয়সমূহ অঞ্চলওয়ারী শাখার তালিকাসহ ১২-০৬-২০২১ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ এবং 'এক্সেল ফরমেটে' বিবরণী সফট কপি ই-মেইলযোগে (dgmpdd@krishibank.org.bd) ঠিকানায় প্রেরণ করার জন্য বিনীত অনুরোধ করা হলো। কোন অবস্থাতে শাখা বা মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় হতে সরাসরি প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করা যাবে না। সেই সাথে ৪নং অনুচ্ছেদে বর্ণিত ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি-০১(এক)।

অনুমোদনক্রমে-


আপনার বিশ্বস্ত,

  
(মোহাম্মদ মজুমদার ইসলাম)

উপমহাব্যবস্থাপক

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।  
০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিচালনা ও পরিচালন মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।  
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়সমূহ।  
০৪। উপ-মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা/উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ) বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকাকে উপরোক্ত পত্রটি সংযুক্তিসহ বিকেবি'র নিজস্ব ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।  
০৫। নথি।

  
(মোঃ পারভেজ কাওসার সরকার)

সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক

ছক

বিষয় : স্থানান্তর ঋণের হালনাগাদ বিবরণী

ক্রঃ নং	বিভাগের নাম	অঞ্চলের নাম	শাখার নাম	ঋণ গ্রহীতার		বিতরিত ঋণের		আদায় পরিমাণ	বর্তমান স্থিতি/ অনাদায়ী পরিমাণ	ঋণের প্রকৃতি
				নাম	মোবাইল নম্বর	তারিখ	পরিমাণ			
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮	০৯	১০	১১

৯



